

২ মাসব্যাপী শিক্ষক ধর্মঘটের অবসান

(ইন্ডেক্স রিপোর্ট)
শিক্ষক সমন্বয় পরিষদের দুই দফা দাবীতে সারা দেশব্যাপী একটানা ৫৮ দিন ধরিত বেসরকারী মাধ্যমিক শিক্ষক ও কর্মচারীদের ধর্মঘটের পর তাঁহারা আজ (সোমবার) হইতে কাজে যোগদান শুরু করিবেন। গতকাল (রবিবার) সরকার পক্ষের সহিত শিক্ষক সমন্বয় পরিষদের প্রায় সাড়ে ৪ ঘণ্টা-

ব্যাপী বৈঠকের পর একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিতে সরকার শিক্ষকদের দাবীর অধিকাংশ মানিয়া লইয়াছেন। একই সঙ্গে আন্দোলনের চূড়ান্ত পর্যায়ে গত শনিবার সকাল ৭টা হইতে সচিবালয় সংলগ্ন সড়কে শিক্ষকদের অবস্থান ধর্মঘট ও গণ-অনশন কর্মসূচী ও গতকাল বিকাল ৪টার সমাপ্ত হয়। শিক্ষা সচিব (১২শ পৃঃ ১-এর কঃ পৃঃ)

ধর্মঘটের অবসান

(১ম পৃঃ পর)
কাজী জালালউদ্দিন ও শিক্ষক সমন্বয় পরিষদ নেতৃত্বের মধ্যে স্বাক্ষরিত চুক্তির বিবরণ :
"শিক্ষক সমন্বয় পরিষদ কর্তৃক পেশকৃত দাবীতে বেসরকারী মাধ্যমিক শিক্ষক ও কর্মচারীদেরকে ১৯৮৫ সনের জুন হইতে ১৯৮৬ সনের ফেব্রুয়ারী পর্যন্ত সংশোধিত জাতীয় বেতন স্কেলের শতকরা পঞ্চাশ ভাগ প্রদানের বিষয়টি সরকার নীতিগতভাবে অনুমোদন-যোগ্য বলিয়া মনে করেন, তবে দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে ও বকেয়া প্রদানের বিষয়টির উপায় উদ্ভাবনের লক্ষ্যে সরকার অচিরেই একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়াছেন।

"ধর্মঘটজনিত কারণে গ্রেফ-তারকৃত শিক্ষকদের মুক্তি, হলিয়া ও মামলা প্রত্যাহার, সকল রকম শাস্তিমূলক ব্যবস্থা বাতিল এবং শাস্তি প্রদানকারীদের ছাড়াবাসে প্রত্যাবর্তনের ব্যবস্থা সরকার অবিলম্বেই গ্রহণ করিবেন।

"সরকারের সঙ্গে এই মীমাংসার পরিপ্রেক্ষিতে শিক্ষক সমন্বয় পরিষদ ধর্মঘট প্রত্যাহার করিতেছে এবং অবিলম্বে সর্বশেষ ২০শে এপ্রিলের মধ্যে সকল শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীকে কাজে যোগদানের ও শিক্ষক প্রশিক্ষণার্থীদের ক্লাসে যোগদানের আহ্বান জানাইতেছে।"

গত শনিবার সকাল ৭টা হইতে শিক্ষক-শিক্ষিকাগণ সচিবালয় সংলগ্ন সড়কে প্রেসক্রাবের সংলগ্নে অবস্থান ধর্মঘট শুরু করেন। ঐদিনই সকাল ৮টা হইতে ৫১জন শিক্ষক-শিক্ষিকা আমরণ গণঅনশন ধর্মঘট শুরু করেন। অনশনের ফলে গুরুতর অবস্থায় ৪ জন শিক্ষিকাসহ ৮ জনকে শনিবারই হাসপাতালে স্থানান্তর করা হয়। গতকাল আরো একজন শিক্ষিকাসহ ৩ জনকে হাসপাতালে নেওয়া হয়। আলোচনা ও চুক্তি সম্পাদন শেষে শিক্ষক সমন্বয় পরিষদ নেতৃত্ব অবস্থান ধর্মঘটের ও অনশনের শিক্ষক-শিক্ষিকাদের সমাবেশস্থলে আসিয়া সমগ্র পরিস্থিতি ব্যাখ্যা করেন এবং অনশন ও অবস্থান ধর্মঘট প্রত্যাহার করিয়া নেন। ইতিমধ্যে গত শনিবার হইতে গতকাল পর্যন্ত বিভিন্ন সংগঠনের নেতৃত্ব ও প্রতিনিধিগণ সমাবেশস্থলে আসিয়া শিক্ষকদের দাবীর ও আন্দোলনের সহিত একাত্মতা ঘোষণা করেন।